

আলিম শ্রেণির আরবি বইয়ে বড় পরিবর্তন, বিশেষজ্ঞদের নিয়ে ৫ সদস্যের প্যানেল

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৯:৫৪, ২ অক্টোবর ২০২৫



দীর্ঘ নয় বছর পর আলিয়া মাদ্রাসার আলিম শ্রেণির আরবি প্রথম পত্রে পরিবর্তন ও পরিমার্জনের উদ্যোগ নিয়েছে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড। এ লক্ষ্যে পাঁচ সদস্যের একটি সম্পাদনা ও সমন্বয় প্যানেল গঠন করা হয়েছে। সোমবার (২৯ সেপ্টেম্বর) বোর্ডের রেজিস্ট্রার অধ্যাপক ছালেহ আহমাদ স্বাক্ষরিত এক অফিস আদেশে এ তথ্য জানানো হয়।

অফিস আদেশে উল্লেখ করা হয়, ‘আল-লুগাতুল আরাবিয়াতুল ইত্তেসালিয়াহ’ শীর্ষক পাঠ্যপুস্তকটি সর্বশেষ ২০১৬ সালে পরিমার্জন করা হয়েছিল। দীর্ঘ সময় ধরে বইটি হালনাগাদ না হওয়ায় এর অনেক তথ্য অপ্রাসঙ্গিক হয়ে পড়েছে। পাশাপাশি জুলাই বিপ্লবের মাধ্যমে ৫ আগস্টের পট পরিবর্তনের পর সৃষ্ট জাতীয় আকাঙ্ক্ষা, মূল্যবোধ ও লক্ষ্যের সঙ্গে সামঞ্জস্য রেখে পাঠ্যবইটি নতুনভাবে সাজানো প্রয়োজন বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এ প্রেক্ষাপটে গঠিত সম্পাদনা ও সমন্বয় প্যানেলের সদস্যরা হলেন—

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরবি বিভাগের প্রফেসর ড. মিজানুর রহমান

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটের অধ্যক্ষ প্রফেসর
মাহমুদুল হক

তা'মীরুল মিল্লাত কামিল মাদ্রাসার সহকারী অধ্যাপক (আরবি) ড.
মোহাম্মদ ছালমান

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের প্রকাশনা নিয়ন্ত্রক প্রফেসর এফ. এম
শাকিরুল্লাহ

কারিকুলাম বিশেষজ্ঞ ড. মোহাম্মদ হেদায়েত উল্লাহ

আগামী ২৮ অক্টোবরের মধ্যে পাঠ্যপুস্তকটির পরিমার্জন ও
সম্পাদনার কাজ শেষ করে বোর্ডে জমা দিতে প্যানেলকে অনুরোধ
জানানো হয়েছে।

Mily